# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 24 May, 2025

সুনামগঞ্জে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে ছাতক উপজেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে সুনামগঞ্জ  সদর উপজেলা। আন্তঃউপজেলা ফুটবল টুর্নামেন্টে জেলার ১২টি উপজেলা অংশগ্রহণ করে।

শুক্রবার বিকেলে জেলা স্টেডিয়াম মাঠে মাসব্যাপী অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় অংশ নেয় ছাতক বনাম সুনামগঞ্জ সদর উপজেলা। খেলা দেখতে দুপুর থেকেই দর্শকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। খেলা শুরুর আগেই হাজার হাজার দর্শকদের উপস্থিতিতে কানায় পূর্ণ হয় প্যাভিলিয়ন। উপচে পড়া দর্শকরা উপভোগ করেন জমজমাট ফাইনাল খেলাটি। দু পায়ের ফুটবল উন্মাদনা উপভোগ করেন প্রায় দশ হাজার দর্শক। খেলার নির্ধারিত সময় শেষে ১-১ গোলে সমতা থাকায় ট্রাইবেকারে ফলাফল নির্ধারিত হয়। ট্রাইবেকারে ৪-৩ গোলে শিরোপা তুলে নেয় সুনামগঞ্জ সদর উপজেলা।

খেলা শেষে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রেজাউল করিমের সভাপতিত্বে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে সুনামগঞ্জের জেলা প্রশাসক ড. মোহাম্মদ ইলিয়াস মিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক সমর কুমার পাল।

সুনামগঞ্জ ফুটবল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:33

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/2845825981